

পরীক্ষা

ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার প্রবেশপত্র বিতরণ শুরু ১১ মার্চ

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২৬ ফেব্রুয়ারি ২০২৫, ১৩: ১৫



ফাইল ছবি প্রথম আলো

২০২৫ সালের এসএসসি ও সমমান পরীক্ষা শুরু হবে আগামী ১০ এপ্রিল থেকে। এ পরীক্ষার প্রবেশপত্র বিতরণ কার্যক্রম শুরু করছে শিক্ষা বোর্ডগুলো। আগামী ১১ ও ১২ মার্চ ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীন জেলাগুলোর স্কুলে প্রবেশপত্র বিতরণ করা হবে।

গতকাল মঙ্গলবার (২৫ ফেব্রুয়ারি) ঢাকা বোর্ড এ তথ্য জানিয়েছে। বোর্ডের অধীন সব কেন্দ্রসচিবকে এ-সংক্রান্ত চিঠি পাঠিয়েছে ঢাকা শিক্ষা বোর্ড।

চিঠিতে বলা হয়েছে, ২০২৫ সালের এসএসসি পরীক্ষার প্রবেশপত্র পরীক্ষা শাখা থেকে বিতরণ করা হবে। আগামী ১১ মার্চ ঢাকা মহানগর, ঢাকা জেলা, গাজীপুর ও টাঙ্গাইল জেলার প্রবেশপত্র দেওয়া হবে। পরের দিন ১২ মার্চ নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, মানিকগঞ্জ ও কিশোরগঞ্জের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর প্রবেশপত্র বিতরণ করা হবে।

কেন্দ্রসচিব নিজে অথবা তার প্রাধিকারপ্রাপ্ত কোনো শিক্ষক (স্বাক্ষর সত্যায়িতসহ) কেন্দ্রের আওতাধীন সব শিক্ষাপ্রতিষ্ঠানের প্রবেশপত্র অফিস চলাকালে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। কোনো অবস্থাতেই শিক্ষক ছাড়া অন্য কোনো ব্যক্তিকে প্রবেশপত্র গ্রহণ করার ক্ষমতা দেওয়া যাবে না।

কেন্দ্রসচিব প্রবেশপত্র হাতে পাওয়ার পর ১৩ মার্চের মধ্যে তা শিক্ষাপ্রতিষ্ঠানে বিতরণ সম্পন্ন করতে হবে। কোনো প্রবেশপত্রে ভুলত্রুটি থাকলে তা ১৬ থেকে ২৫ মার্চের মধ্যে বোর্ডের উপপরীক্ষা নিয়ন্ত্রকের কাছে জমা দিয়ে সংশোধন করিয়ে নিতে হবে। পরে কোনো জটিলতার সৃষ্টি হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানপ্রধান দায়ী থাকবেন।

আগামী ১০ এপ্রিল থেকে এসএসসি পরীক্ষা শুরু হবে। তত্ত্বীয় পরীক্ষা চলবে ১৩ মে (বাংলা দ্বিতীয়পত্র) পর্যন্ত। ১০ মে থেকে ব্যবহারিক পরীক্ষা শুরু হয়ে চলবে ১৮ মে পর্যন্ত।

